

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৭- ৩২৪

তারিখঃ ০৭.১০.২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোহাম্মদ দিদারউল ইসলাম (৩৮০২০), প্রাক্তন উপপরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (বর্তমানে ওএসডি (পিআরএল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) চট্টগ্রামের চাকর্যকর কোর্সে চোরাচালান মামলার আসামী নূর মোহাম্মদ (হাজতী নং- ৬৭০/২০১৬)-কে উদ্দেশ্যমূলকভাবে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কেবিনে ভর্তি এবং অপ্রয়োজনে অবস্থানের সুযোগ প্রদান করার সাথে তাঁর সম্পৃক্ততা প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক (বর্তমানে সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী) 'অসদাচরণ' এর দায়ে ০৫.০১০.২০১৭ খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৭-৪১৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় ডাঃ মোহাম্মদ দিদারউল ইসলাম (৩৮০২০) কারণ-দর্শানোর নোটিসের জবাব প্রদান করেন এবং গত ১৮.০২.২০১৮ খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় জনাব শেখ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনে ডাঃ মোহাম্মদ দিদারউল ইসলাম এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত করা হয়; এবং

যেহেতু, অতিরিক্ত কর্মকর্তা ডাঃ মোহাম্মদ দিদারউল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাঁর বিরুদ্ধে প্রমাণিত 'অসদাচরণ' এর অভিযোগে তিনি দস্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোহাম্মদ দিদারউল ইসলাম(৩৮০২০), প্রাক্তন উপপরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (বর্তমানে ওএসডি (পিআরএল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালা ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তিনি বর্তমানে প্রাপ্ত "বেতন গ্রেডের যে স্তরে বেতন পাচ্ছেন তার থেকে একটি ইনক্রিমেন্টের সমপরিমাণ অর্থ কমিয়ে একই বেতন স্কেলের পরবর্তী স্তরে এক বছরের জন্য অবনমিত" করার লঘুদস্ত প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(সচিব)  
সচিব

তারিখঃ ০৭.১০.২০১৮ খ্রিস্টাব্দ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৭- ৩২৪/১(২)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিস্টে সংরক্ষণ করার জন্য)।
- ৩। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও গেজেটের ২০ (বিশ) কপি এ মন্ত্রণালয়ের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোহাম্মদ দিদারউল ইসলাম(৩৮০২০), প্রাক্তন উপপরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (বর্তমানে ওএসডি (পিআরএল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)

  
(শাহীমা নাসরিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃংখলা অধিশাখা শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৮-৩৫৫

তারিখঃ ০৮.১০.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ডাঃ মোঃ শামসুল আলম (১২৬৫৪২), মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, রাজবাড়ী এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ১৪.১০.২০১৮ খ্রিঃ সকাল ০৯.৩০ ঘটিকায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩৪০, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(শামীমা নাসরীন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮

ডাঃ মোঃ শামসুল আলম (১২৬৫৪২)

মেডিকেল অফিসার


সদর হাসপাতাল, রাজবাড়ী

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৮- ৩৫৫/ম(৫)

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

তারিখঃ ০৮.১০.২০১৮ খ্রিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভ্যুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, রাজবাড়ী।
- ৪। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, রাজবাড়ী।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

  
(শামীমা নাসরীন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮